



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2022

গভর্নর ক্যাথি হোকল

## ন্যাশনাল গভর্নরস অ্যাসোসিয়েশনের হোয়াইট হাউজ বৈঠক নিয়ে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজকে আমি ন্যাশনাল গভর্নরস অ্যাসোসিয়েশনের (National Governors Association) 2022 শীতকালীন বৈঠকের অংশ হিসেবে প্রেসিডেন্ট বাইডেন, ভাইস প্রেসিডেন্ট হ্যারিস, এবং ক্যাবিনেট কর্মকর্তাদের সাথে দেখা করেছি। আমি আমাদের স্টেটের সমস্যা নিয়ে এবং কীভাবে আমরা নিউ ইয়র্কবাসীদের সুযোগ ও সুরক্ষা প্রদান করতে ফেডারেল সরকারের সাথে কাজ চালিয়ে যেতে পারি সে ব্যাপারে আলোচনা করার সুযোগ পেয়ে ধন্য।

"আমি বিশেষ করে একটি চূড়ান্ত অর্থনৈতিক প্রতিযোগিতামূলক প্যাকেজ পাশ করার পক্ষে কথা বলেছি, যা দ্বারা সেমিকন্ডাক্টর শিল্পকে জোরদার করা যায়, সরবরাহ চেইন সমস্যা সমাধান করা যায়, এবং এই অতি জরুরি ক্ষেত্রে নিউ ইয়র্ক ও পুরো দেশে নতুন কর্মসংস্থান সৃষ্টি করা যায়। এছাড়াও গভর্নরেরা কোভিড-19 এর বিরুদ্ধে লড়াইয়ে আমাদের চলমান প্রচেষ্টা, স্কুল খোলা রাখা, এবং আমাদের স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীকে ত্রাণ প্রদান করা নিয়ে আলোচনা করেছে। আমি আশাপ্রদ অ্যান্টিভাইরাল চিকিৎসা বলবান করা এবং হাসপাতাল ও স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটিসমূহে কর্মী সমর্থন প্রদানে ফেডারেল সরকারের পদক্ষেপ দ্বারা উৎসাহিত হয়েছি। পাশাপাশি, আমার সহকর্মী গভর্নরেরা মূল্যবোধ বর্ধন নিয়ে তাদের উদ্বিগ্নতা কথা বলেছেন এবং নিউ ইয়র্কবাসী যাতে এই অর্থনীতিতে সমৃদ্ধি করতে পারে তা নিশ্চিত করতে আমি মনোনিবেশ করেছি। আমি আমাদের দেশের কর্মীবাহিনী বিকাশ পাইপলাইন উন্নত ও আরো বৈচিত্র্যময় করতে অন্য গভর্নরদের সাথে কাজ করে যাবো, এবং বর্ধনশীল শিল্প, যেমন, পরিচ্ছন্ন শক্তি ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের প্রশিক্ষণ প্রদান করবো, গ্রামীণ সম্প্রদায়ে বিশেষ করে ব্রডব্যান্ডের সুবিধা সম্প্রসারিত করবো, এবং কর্মজীবী পরিবারগুলিকে সমর্থন প্রদান করবো।

"আমি এই অতি জরুরি বিষয়গুলিতে অংশীদারিত্ব অব্যাহত রাখতে এবং নিউ ইয়র্কবাসীর লাভের জন্য আমাদের চলমান কাজ অব্যাহত রাখতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418